তারিখ ... 03 OCT 2016 ...
পৃঃ ৭৬ ... কলাম ...

যুগান্তর

# কুয়েট ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ : আহত ১০

**খুলনা ব্যুরো**

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। রোববার রাত ১১টার দিকে এ ঘটনা ঘটে। কুয়েট ছাত্রলীগের হল কমিটি গঠনে ছাত্রদল ও ছাত্র শিবিরের সাবেক কর্মী ও মাদকসেবীদের অন্তর্ভুক্ত করায় পদবঞ্চিতরা প্রতিবাদ জানাতে গেলে সংঘর্ষ শুরু হয়। ক্যাম্পাস সূত্রে জানা গেছে, কুয়েট ছাত্রলীগের হল কমিটি গঠন নিয়ে পদবঞ্চিত নেতাকর্মীদের সঙ্গে কুয়েট ছাত্রলীগের সভাপতি সাফায়েত হোসেন নয়ন ও সাধারণ সম্পাদক আলী ইমতিয়াজ সোহানের মতবিরোধ চলে আসছিল। রোববার রাতে পদবঞ্চিত নেতাকর্মীরা হলের পূর্ণাঙ্গ কমিটি গঠন প্রক্রিয়া স্বচ্ছ ও সবার মতামতের ভিত্তিতে করার জন্য কুয়েট সভাপতির কাছে যান। এতে তিনি ক্ষিপ্ত হন। এ সময় বঞ্চিত নেতাকর্মীরা ফজলুল হক হল ও অমর একুশে হলের সামনে জড়ো হলে সভাপতি ও সাধারণ সম্পাদকের অনুসারীরা তাদের ওপর হামলা চায়। এ সময় উভয়পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে অন্তত ১০ জন নেতাকর্মী আহত হন। এদের মধ্যে দুই ছাত্রের অবস্থা আশংকাজনক বলে জানা গেছে। সংঘর্ষে গোলাগুলি হয়েছে বলেও ওই সূত্র জানিয়েছে।

খানজাহান আলী থানার ওসি আশরাফুল আলম বলেন, গোলাগুলি হয়েছে কিনা তা তার জানা নেই। তবে দু'জন ছাত্র গুরুতর আহত হয়েছেন। কুয়েট ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানান, বহিরাগত একটি গ্রুপ ফজলুল হক হল ও অমর একুশে হলের ছাত্রদের ওপর হামলা চালিয়েছে।